

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০(অংশ)-২৬৪


তারিখঃ ২৫-০৩-২০২০ খ্রিঃ

বিষয়ঃ করোনাভাইরাস সংক্রমণ মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটিকালীন সময়ে সরকারি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান চালু রাখা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসনা মন্ত্রণালয় কর্তৃক গত ২৪-০৩-২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭২ সংখ্যক প্রজ্ঞাপনে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়েছে:

“দেশব্যাপী করোনাভাইরাস রোগ (কোভিড-১৯) এর সংক্রমণ মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার প্রতিরোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে আগামী ২৬ মার্চ ২০২০ খ্রিঃ তারিখের সরকারি ছুটি এবং ২৭-২৮ মার্চ ২০২০ খ্রিঃ তারিখের সাপ্তাহিক ছুটির সাথে ২৯ মার্চ হতে ০২ এপ্রিল ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করা হলো। ০৩ ও ০৪ এপ্রিল ২০২০ খ্রিঃ তারিখ সাপ্তাহিক ছুটির দিন এ ছুটির সাথে সংযুক্ত থাকবে। কাঁচা বাজার, খাবার, ঔষধের দোকান, হাসপাতাল এবং জ্বরুরি পরিসেবার (বিদ্যুৎ, পানি, গ্যাস, ফায়ার সার্ভিস, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট ইত্যাদি) ক্ষেত্রে এ ব্যবস্থা প্রযোজ্য হবে না”।

০২। এমতাবস্থায়, উক্ত নির্দেশনা মোতাবেক সকল সরকারি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ আবু রায়হান মিয়া)  
উপসচিব  
ফোনঃ ৯৫৫৬৯৮৯

**বিতরণঃ**

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (পত্রের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল) -----।
৩. পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)-----।
৪. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)-----।
৫. পরিচালক, জেনারেল হাসপাতাল (সকল)-----।
৬. তত্ত্বাবধায়ক (সকল)-----।
৭. সিভিল সার্জন (সকল)-----।
৮. সিনিয়র কনসালটেন্ট, সংক্রামক ব্যাধি হাসপাতাল, মহাখালী, ঢাকা।
৯. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)-----।
১০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপি অবগতির জন্যঃ**

১. মাননীয় মন্ত্রী একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।